মে/১৯ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ দাকোপের প্রথম উন্নয়ন সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ মুনসুর আলী খান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
স্থান ঃ উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ঃ ২৮/০৫/২০১৯ খ্রিঃ।
সময় ঃ ১০:০০ টা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'খ'

সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার আহবান জানানো হয়। এপ্রিল/১৯ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। কোন পরিবর্তন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ হয়। অতঃপর দপ্তর ভিত্তিক বিভিন্ন আলোচনা ও নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃনং | দপ্তরের নাম | দপ্তরভিত্তিক আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রমের গতিধারা চলমান রয়েছে। হাসপাতালের পরিচ্ছনতা বজায় রাখার লক্ষ্যে বর্জ পদার্থ স্তুপের ডাষ্টবিন তৈরীর প্রস্তাব রাখেন। | বর্জ পদার্থের ডাষ্টবিন তৈরীর বিষয়ে বিধিগত পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়। | মেয়র, চালনা পৌরসভা। |
| ২. | উপজেলা কৃষি দপ্তর। | পানখালী ইউনিয়নের পানখালী খাল, পানখালী উড়াতলার খাল, শ্রীমন্ত কাটাখালী খাল, মৌখালী দোওয়ানা খাল লিজ দেওয়ার কারনে লিজ গ্রহনকারী লবন পানি প্রবেশের পায়তারা চালাচ্ছেন। বর্তমানে ১০ হেক্টর আউশ ধান লবনের কারণে হুমকির সম্মুখে। এ ব্যাপারে উপজেলা প্রশাসনের সহযোগিতা কামনা করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা বিষয়টি খতিয়ে দেখবেন। | উপজেলা কৃষি কর্মকর্তা। |
| ৩. | উপজেলা মৎস্য দপ্তর। | ১.সমুদ্রে মৎস্য আহরনে বিরত থাকা জেলেদের জন্য দাকোপ উপজেলার ৯১৪২ জন জেলে পরিবার ৪০ কেজি হারে বিশেষ ভিজি এফ বরাদ্দ প্রদান করা হয়েছে। ভি জি এফ এর চাল সমুহ যেন সঠিকভাবে বিতরণ করা হয় সে বিষয়ে সংশ্লিষ্টদের সহযোগিতা কামনা করা হয়।<br>২.এনএটিপি ও ইউনিয়ন প্রকল্পের আওতায় দাকোপ উপজেলার ৬৩০ জন মৎস্যচাষির ১ দিনের প্রশিক্ষন প্রদান করা হয়েছে।<br>৩. জলাশয় সংস্কারের মৎস্য উৎপাদন বৃদ্ধি প্রকল্পের আওতায় ০২ টি খাল ও ০১ টি পুকুর পুনঃখননের কার্যক্রম অব্যহত আছে। খাল ও পুকুর পুনঃখননের মাধ্যমে পানি নিস্কাশন ও মাছের উৎপাদন বৃদ্ধি পাবে।<br>৪. দাকোপ উপজেলায় ০৬ টি বাগদা চিংড়ী পি এল উৎপাদন কার্যক্রম অব্যাহত আছে। নিষিদ্ধকালিন | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সময়ে হ্যাচারীতে যেন বিদেশী অবৈধ পোনা প্রবেশ করতে না পারে, সে ব্যাপারে প্রশাসনের সহযোগীতা কামনা করা হয়। | | |
| ৪. | উপজেলা প্রকৌশল দপ্তর। | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে এডিপির বিজ্ঞাপন বিল দৈনিক পূর্বাঞ্চল পত্রিকার ৪১,৭৭৩ টাকা এবং দৈনিক প্রবাহ পত্রিকার ৩৪,৪৮১ টাকা মোট=৭৬,২৫৪ টাকা পরিশোধের জন্য উপজেলা প্রকৌশলী সভার অনুমতি প্রার্থনা করেন। | বিজ্ঞাপন বিল পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী। |
| ৫. | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | পরিবেশ বান্ধব সোলার ওয়াটার ডিস্যালাইনেশন ইউনিট স্থাপনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প থেকে ০৯ টি ইউনিটের বরাদ্দ পাওয়া গেছে। এ সকল ইউনিট গুলো পাইলটিং ভিত্ততে করা হবে। যার প্রতিটি থেকে ৫ টি পরিবার বিশুদ্ধ খাবার পানি পাবে। পানি প্রাপ্তির পরিমাণ অপেক্ষাকৃত কম বিধায় তার চাহিদা ও পানির সংকট পূর্ণ এলাকা সূর্যের আলোর পর্যাপ্ততা উচু জায়গা, গাছপালা মুক্ত এলাকা কমিউনিটি ভিত্তিক স্থান নির্বাচন করতে হবে। ১০ ফুট বাই ২০ ফুট জায়গা প্রয়োজন, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানকে অগ্রাধিকার প্রদান করতে হবে।<br>জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তরের পুরাতন অফিস ভবনের পেছনে নতুন অফিস ভবন থাকার কারণে জনসাধারনের মনে বিভ্রান্তির সৃষ্টি হচ্ছে। তারা পুরাতন ভবনে তালা বন্ধ দেখে সেবা না পেয়ে ফিরে যাচ্ছে। সভপতি মহোদয় ও উপজেলা প্রশাসনকে এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ জানানো হয়।<br>আমার দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | ইউপি চেয়ারম্যানবৃন্দ স্থান নির্বাচনের প্রস্তাব দিবেন। | উপজেলা প্রকৌশলী। |
| ৬. | উপজেলা শিক্ষা দপ্তর। | ১.উপজেলা শিক্ষা অফিসার জানান যে, ২০১৮-১৯ অর্থবছরে মাইনর মেরামতের জন্য ২ লক্ষ টাকা করে ১৩ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ লক্ষ ৫০ হাজার টাকা করে ১৯ টি ১ লক্ষ টাকা করে ১ টি সরকারি প্রথমিক বিদ্যালয়ের অনুকুলে বরাদ্দ পাওয়া গেছে। রুটিন মেইনটেনেন্স মেরামত বাবদ ৪০ হাজার টাকা করে ৪৯ টি বিদ্যালয়ে, স্লিপ পরিকল্পনা বাস্তবায়নে জন্য ৫০ হাজার টাকা করে ১১৯ টি বিদ্যালয় এবং ১০০০০ টাকা করে ১১৯ বিদ্যালয়ে প্রাক প্রাথমিক শ্রেণির উপকরন ক্রয় ও সবুজিকরণের জন্য বরাদ্দ পাওয়া গেছে। উল্লেখিত বিদ্যালয়ে চলমান রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সংশ্লিষ্ট বিদ্যালয়ের প্রধান শিক্ষকগন নীতিমালা অনুসরন করে সরকারের উন্নয়নমুখী কার্যক্রম বাস্তবায়ন করবেন। | উপজেলা প্রশাসন ও উপজেলা শিক্ষা অফিসার |
| | | ২. উপজেলা শিক্ষা অফিসার সভায় আরও জানান যে, চালনা পৌরসভায় ০৭ টি বিদ্যালয় রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরেজমিন | উপজেলা প্রকৌশলী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ডিজিটাল হাজিরা নিশ্চিত করার জন্য পাইলট পরিকল্পনা হিসাবে প্রথমে ৭ টি বিদ্যালয়ে বাস্তবায়নের কার্যক্রম পরিকল্পনা করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপজেলায় ১২ টি বিদ্যালয়ে জরাজীর্ণ ও ঝুকিপূর্ণ ভবন রয়েছে। বর্ষা মৌসুমে উক্ত ভবন ধসে মারাত্মক ক্ষতি হতে পারে। তিনি আরো জানান কালাবগী পন্ডিত চন্দ্র বিদ্যালয়টিতে দুটি ভবন রয়েছে। যেকোন সময় নদী গর্ভে বিলিন হওয়ার আশংকা রয়েছে। অতি জরুরীভাবে কার্যকারী পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক। | পরিদর্শন পূর্বক জরুরীভাবে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, উপজেলা একাডেমিক সুপারভাইজারের আলাদা রুম বরাদ্দের আবেদন জানান। চালনা কে সি স্কুলের আইএলসি ক্লাস রুম হয়েছে, সেটা অন্য কাজে ব্যবহার না করার জন্য প্রধান শিক্ষকের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও জানান অনেক বিদ্যালয় নির্ধারিত সময় বিকাল ৪:০০ টার আগেই ছুটি হয়ে যায়। এতে লেখাপড়ার ক্ষতি ও সরকারি নির্দেশনার অবমাননা হয়। | স্ব স্ব এলাকার জন প্রতিনিধিগন বিষয়টি লক্ষ্য করবেন। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান সদস্যবৃন্দ। |
| ৮. | উপজেলা মহিলা বিষয়ক দপ্তর। | ভিজিডি ২০১৯-২০২০ চক্রের দাকোপ উপজেলার ৩,১৬১ জন উপকারভোগীর মধ্যে জানুয়ারী, ফেব্রুয়ারী, মার্চ/১৯ মাসের খাদ্য বিতরণ সম্পন্ন হয়েছে। সহযোগী এনজিও না থাকায় সঞ্চয় উত্তোলন বন্ধ রয়েছে। ২০১৬-২০১৭ অর্থ বছরে নির্বাচিত প্রতি ইউনিয়নের ৭৯ জন মাতৃত্বকালীন ভাতাভোগীর মেয়াদ জুন/১৯ মাসে ৩ বছর পুর্তি হবে। সম্মানিত ইউপি চেয়ারম্যানদের নিকট উল্লেখিত ৭৯ জন উপকারভোগীদের প্রাথমিক তালিকা আগাম প্রস্তুত করার জন্য অনুরোধ করা হয়। | ইউপি চেয়ারম্যানবৃন্দ মাতৃত্বকালীন ভাতাভোগীদের তালিকা প্রস্তুত করবেন। | ইউপি চেয়ারম্যান (সকল)। |
| ৯. | পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন। | পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা জানান তাঁর কার্যালয়ে চলতি অর্থবছরে অগ্রগতি নিম্নরূপঃ-<br>১. সমিতি গঠন -৯২ টি<br>২. সদস্য সংখ্যা -৩৬০৯ জন<br>৩. ঋনী সদস্য -২৪৯৬ জন<br>৪. ঋন বিতরন-৩৪৮৫০০০০<br>৫. পুজি গঠন- ৩১২৩০০০০<br>৬. খেলাপী -৫৪০০০০০<br>৭. মাঠে পাওনা ঋন -২৯৯৭৭০০০<br>খেলাপী সহনীয় পর্যায় নাই প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে আদায় করা প্রয়োজন। খুব খারাপ অবস্থায় চলছে। তাছাড়া সার্বিক বিষয়ে কার্যক্রম সন্তোষজনক। | খেলাপি ঋণ আদায়ে জোর তদারকির পরামর্শ প্রদান করা হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা। |
| ১০. | উপজেলা সমবায় দপ্তর। | মাসিক সমন্বয় সভায় উপজেলা সমবায় অফিসার জানান যে, দাকোপ উপজেলাধীন বারুইখালী আশ্রায়ন প্রকল্পে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে | শতভাগ ঋণ আদায়ের জন্য তৎপর থাকার পরামর্শ প্রদান করা | উপজেলা সমবায় কর্মকর্তা। |

<table>
<tr><td></td><td></td><td>আশ্রায়ন প্রকল্পের সুবিধাভোগীদের মাঝে বিতরণের জন্য ৩২১৫০০ টাকা পাওয়া যায়। উক্ত টাকা হতে এ পর্যন্ত ঘূর্নায়মান তহবিল হিসেবে ২৭৪০৫০০ টাকা বিতরণ করা হয়েছে। বিতরণকৃত টাকার মধ্যে ২৬৭৮৫৬২ টাকা আদায় করা হয়েছে। অনাদায়ী টাকার পরিমাণ ১৫৫৬৭০ টাকা ঋন আদায়ের হার ৯৫%। এই বিভাগের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>হয়।</td><td></td></tr>
<tr><td>১১.</td><td>উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর।</td><td>যুব উন্নয়ন অধিদপ্তর মূলত বেকার যুবকদের প্রশিক্ষন ও প্রশিক্ষন পরবর্তী আত্নকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ঋন প্রদান করা হয় । বর্তমানে ২ টি কর্মসুচির মাধ্যমে ঋন প্রদান করা হয়। নিম্নে প্রশিক্ষণ ও ঋণদান কর্মসূচির বিষয় উপস্থাপন করা হলো<br>
<table>
<tr><th>কর্মসূচী</th><th>বার্ষিক লক্ষমাত্রা</th><th>চলমান অগ্রগতি</th><th>চলতি মাস পর্যন্ত অগ্রগতি</th><th>বার্ষিক অগ্রগতি</th><th>ক্রম</th><th>শতক হার (আদায়)</th></tr>
<tr><td>১.প্রশিক্ষন</td><td>৩৮০</td><td>-</td><td>৪৪০</td><td>৪৪০</td><td>৫২৮৪</td><td>-</td></tr>
<tr><td>২. আত্নকর্মী</td><td>৭২</td><td>-</td><td>৬০</td><td>৬০</td><td>৩৬৮৩</td><td>-</td></tr>
<tr><td>৩.আত্নকর্মসংস্থান</td><td>২৪০০০০০</td><td>-</td><td>১৭০০০০০</td><td>১৭০০০০০</td><td>২০৬০০২০০</td><td>৯৩৬</td></tr>
<tr><td>৪. পরিবার</td><td>৪৮০০০০</td><td>-</td><td>৪৮০০০০</td><td>৪৮০০০০</td><td>৩২৯৫০০০</td><td>১০০৬</td></tr>
</table>
তবে এ মাস পর্যন্ত ১১৮৪৪০০ টাকা খাত আত্নকর্মসংস্থান কর্মসূচিতে খেলাপী হয়েছে। উক্ত খেলাপী আদায়ের ব্যাপারে ঋণীদের বাড়ী গিয়ে যোগাযোগ করা সহ নোটিশ প্রদান করা হচ্ছে। এ ছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম সঠিক ভাবে চলছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১২.</td><td>উপজেলা নির্বাচন অফিস।</td><td>এপ্রিল /২০১৯ থেকে সারাদেশে ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম শুরু হয়েছে। দাকোপ উপজেলার ভোটার তালিকা হালনাগাদ কার্যক্রম সেপ্টেম্বর/২০১৯ মাসে শুরু হবে। যাদের জন্মতারিখ ১/১/২০০৪ এবং তার পূর্বে সকলের তথ্য সংগ্রহ করা হবে। এ জন্য তথ্য সংগ্রহকারী ও সুপার ভাইজার নিয়োগ করা হবে। তথ্য সংগ্রহকারীগন সেপ্টেম্বর/১৯ মাসের ২৫ তারিখ থেকে বাড়ী বাড়ী গমন করে ভোটারদের তথ্যসংগ্রহ সমাপ্ত হওয়ার পর উপজেলাস্থ সকল পৌরসভা ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ে নির্ধারিত তারিখ ও সময়ে ভোটার নিবন্ধন ও ছবি তোলার কার্যক্রম সম্পন্ন হবে । যেহেতু এ হালনাগাদ ভোটার তালিকায় ৪ বছরের তথ্য সংগ্রহ করে ভোটার নিবন্ধন এবং জাতীয় পরিচয়পত্র প্রদান করা হবে। সেহেতু এত বড় ব্যাপক কার্যক্রম সুষ্টুভাবে সম্পাদনের জন্য ব্যাপক প্রচারের প্রয়োজন হবে। এজন্য মেয়র সকল ইউপি চেয়ারম্যান কলেজ ও মাদ্রাসা মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগন বিভিন্ন ধর্মীয় প্রতিষ্টান প্রধানগন ও মিডিয়া অগ্রনী ভুমিকা পালন করতে পারেন। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সকলকে স্বার্বিকভাবে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানাচ্ছি।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩.</td><td>আমার বাড়ী আমার খামার প্রকল্প।</td><td>আমার বাড়ী আমার প্রকল্প ও পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক জনাব মনীষ কুমার রায় জানান অত্র উপজেলায় নতুন সমিতি গঠনের হার খুবই ভাল এবং সঞ্চয় আদায় জুন মাসের ১৫ তারিখের মধ্যে শতভাগ আদয় হবে এবং অত্র উপজেলায় ঋন আদায়ের হার ভাল। সর্বোপরি অত্র উপজেলার সার্বিক কার্যক্রম ভাল।</td><td>ঋণ আদায়ে তৎপর থাকার পরমর্শ প্রদান করা হলো।</td><td>উপজেলা সমন্বয়কারী।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪. | চেয়ারম্যান ১ নং পানখালী ইউপি। | ১.খাটাইল মড়ার ডাঙ্গা ব্রিজ হইতে শিরমনির বাড়ী হয়ে লক্ষীখোলা পিচের রাস্তা পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>২. মৌখালী ওয়াপদা হইতে কাটাবুনিয়া সবুরের ব্রিজ পর্যন্ত পিচের রাস্তা নির্মান ।<br>৩. মৌখালী বিশ্বাস বাড়ী হইতে মোল্ল্যা বাড়ী পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>৪. মৌখালী লক্ষন ডাঃ এর বাড়ীর সামনে খালের উপর ব্রিজ নির্মান।<br>৫. পানখালী বাবু মেম্বর এর বাড়ী হইতে হইতে রাজ্জাক মাওলানার বাড়ী পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>৬. পানখালী বাজার হইতে চলমান পিচের রাস্তা থেকে সামনে পিচের রাস্তা পর্যন্ত অসমাপ্ত রাস্তা পিচকরন।<br>৭. লক্ষীখোলা গ্রিধারী মন্দির হইতে চৌকীদার বাড়ী হয়ে গড়িয়ার খাল পর্যন্ত পিচের রাস্তা ও গোড়িয়া খালের উপর ব্রিজ ও কালভাট নির্মান।<br>৮. লক্ষীখোলা গড়িয়ার খাল ও পশ্চিমে ওয়াপদা হইতে বালা বাড়ী হয়ে পল্লীমঙ্গল হাই স্কুল পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>৯. খাটাইল সর্নিভর বাঁধ হইতে বিপুল রায় এর বাড়ী পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>১০. লক্ষীখোলা মানিক রায়ের বাড়ী হইতে তপন সরদারের বাড়ীর সামনে পিচের রাস্তা পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>১১. পানখালী মমতাজ বেগম মাধ্যমিক বিদ্যালয় হইতে সরদার বাড়ী হয়ে খুলনা সড়ক পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>১২. পানখালী ওপদা রাস্তা হইতে চৌকিদার বাড়ী হয়ে ওর্য়ান্ড ভিশন পিচের রাস্তা পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>১৩. পানখালী আকবরের বাড়ীর সামনে হইতে হালিমার বাড়ী পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>১৪. পানখালী বাজার হইতে শিব মন্দির বরাবর সামনের মোড় পর্যন্ত পিচের রাস্তা নির্মান।<br>১৫. আনন্দনগর মোল্ল্যা বাড়ীর অভিমুখে ইটের রাস্তা হইতে নিখিল ডাঃ বাড়ী হয়ে সুশীলনের খাল খনন রাস্তা পর্যন্ত পিচের রাস্তা নির্মান - প্রকল্পভূক্তির আবেদ;ন জানান। | সভায় যাচাইপূর্বক প্রকল্প গ্রহণের বিষয় সিদ্ধান্ত নেয়া হবে । | উপজেলা পরিষদ । |
| ১৫. | চেয়ারম্যান ২ নং দাকোপ ইউপি। | ১.২০১৯-২০ অর্থ বছরে দাকোপ ইউনিয়নে দুইটি প্রকল্পের কমিটির নিম্ন লিখিত ভাবে দেওয়া হলো প্রকল্প দুটি ৩০ শে জুনের মধ্যে সমাপ্ত করতে হবে। সেহেতু অদ্যকার সভার অনুমোদন দেওয়ার জন্য অনুরোধ করছি।<br>প্রকল্প কমিটি ১<br>প্রকল্প কমিটি ২<br>২.দাকোপ ইউনিয়নের মধ্যে দাকোপ ইউনিয়ন পরিষদের একটি ওয়াটার প্লান্ট সুপেয় পানির ব্যবস্থা আছে। সেট দীর্ঘদিন ধরে নষ্ঠ হয়ে আছে। প্রকৌশলী দিয়ে ইস্টিমেট করা হইয়াছে। সর্বোমোট ব্যয় হবে ১০৮০০০/- টাকা প্রয়োজনে উপজেলা পরিষদ থেকে জরুরীভাবে মেরামতের জন্য টাকা বরাদ্দ দেওয়ার জন্য অনুরোধ করছি।<br>৩. নবযাত্রা প্রকল্পের অধীনে ইউনিয়নের একটি প্রকল্প যাহার বরাদ্দকৃত টাকা ১৪৯০০০/- টাকা দেওয়া হয়েছে। যথাযথ ভাবে নিয়ম মাফিক ইউ ডি এম সি ইউনিয়ন দূর্যোগ ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যদের উপস্থিত ভোটের মাধ্যমে সবচেয়ে ভোট পেয়েছে সংরক্ষিত মহিলা ওয়ার্ডের কনিকা সরকারকে সভাপতি ও অন্যান্য ও ৫ জনকে দিয়ে প্রকল্প কমিটি করা হয়েছে। উক্ত প্রকল্পের কাজ সুষ্টুভাবে বাস্তবায়ন করার ব্যপারে দাকোপ ইউপি সদস্য দেবদাস গাইন ভিশনভাবে বাধা প্রদান করছে। এই ব্যপারে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য জোর দাবী করছি।<br>৪. দাকোপ ইউনিয়নের বিভিন্ন রাস্তায় এল জি ই ডি ও সি আর আর ই সংস্থা ও বন বিভাগ কর্তৃক গাছ লাগানো হয়েছে। সেই সকল গাছের ডাল ও গাছপালা জনসাধারণ কেটে নিয়ে যাচ্ছে। অনতিবিলম্বে গাছ কেটে নিয়ে যাওয়া বন্ধ করার জন্য উপজেলা | উপজেলা প্রকৌশলী বিষয়টি খতিয়ে দেখবেন। | উপজেলা প্রকৌশলী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রশাসনকে আইনানুগ ব্যবস্থা নেওয়ার জন্য অনুরোধ জানাচ্ছি।<br>৫. দাকোপ উপজেলা বাজেট সংযুক্ত করার অনুরোধ জানাচ্ছি।<br>১. পানি ও জলে আর ও প্রকল্পের জন্য বরাদ্দ রাখতে হবে।<br>২. স্বাস্থ্য ও সেনিটেশন খাতে আর্থিক বরাদ্দ দেওয়ার জন্য অনুরোধ জানান। | | |
| ১৬. | চেয়ারম্যান ৬ নং কামারখোলা ইউপি। | চেয়ারম্যান ৬ নং কামারখোলা সভায় বলেন, কামারখোলা নিম্ন মাধ্যমিক বিদ্যালয় ও জালিয়াখালী সরকারী মাধ্যমিক বিদ্যালয়ের সাইক্লোন সেন্টার নদী ভঙ্গনের কবল থেকে রক্ষার জন্য ব্লক/জিওব্যাগ ডাম্পিং করার প্রয়োজন।<br>এডিপির কাজ বর্ষা মৌসুমের আগে দ্রুতভাবে বাস্তবায়নের প্রস্তাব রাখেন। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তদন্ত পূর্ব প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী। |
| ১৭. | চেয়ারম্যান ৭ নং তিলডাঙ্গা ইউপি। | ৭ নং তিলডাঙ্গা ইউনিয়নের ৫ নং ওয়ার্ড কামিনীবাসিয়া খাল ও ওয়াপদা পূণ খনন করা হয়েছে। ঠিকাদার খালের উভয় পাশের মানুষের যাতায়েত রাস্তা কেটে যত্র তত্র মাটি ফেলে চলাচলের অনুপযুক্ত করে রেখেছে। ঠিকাদার বলেছিলো খাল খননের পরে রাস্তা ঠিক করে দেবে। কিন্তু তিনি রাস্তা ঠিক না করে গাড়ীসহ মালামাল অন্যত্র পাঠিয়ে দিয়েছে। ওয়াপদা কর্তৃপক্ষের মাধ্যমে ঠিকাদারকে দিয়ে উক্ত রাস্তা চলাচলের উপযুগী করার আহবান জনান। বর্ষ শুরুর আগেই এডিপি ও টি.আর/কাবিখার মাধ্যমে কাজ শেষ করার আহবান জানান। এছাড়া তিনি আরও জানান তিলডঙ্গা ইউনিয়নের যে সকল এলাকায় পল্লী বিদ্যুতের লাইনের কাজ শেষ হয়েছে। সেখানে দ্রুত মিটার স্থাপন করাসহ যে সকল জায়গায় বিদ্যুতের পোল স্থাপিত হয়নী সেখানে বৃষ্টির আগেই পোল স্থাপনের জন্য পল্লী বিদ্যুৎ কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| ১৮. | চেয়ারম্যান ৯ নং বানিশান্তা ইউপি। | ১.টি এ ফারুক মাধ্যমিক বিদ্যালয় হইতে খেজুরিয়া ডব্লিউ ডি বি পর্যন্ত কার্পেটিং রোড নির্মান চলমান।<br>২. উঃ বানিশান্তা বড় বাক জিপিএস হতে কাটাখালী স্লুইচ গেট পর্যন্ত পিচ ঢালাই রাস্তা নির্মান। এই দুইটি প্রকল্প বাস্তবায়ন হতে দেরী হওয়ার কারনসহ কবে নাগাদ বাস্তবায়ন হতে পরে সে বিষয়ে জানতে চান।<br>৩. তার ইউনিয়নের পুরানো ইউপি ভবনটি অপসারণের জন্য সভায় বারবার উপস্থাপন করার পরেও কোন কার্যকর পদক্ষেপ নেয়া হচ্ছেনা। অনতিবিলম্বে কার্যকর ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।<br>জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর দাকোপ, খুলনা এ কর্মরত ওয়ার্ক এসিষ্টান ইব্রাহিম এক সময় লেট্রিন বিতরণের কথা বলে প্রতি লেট্রিন বাবদ ২,৬০০/- টাকা করে উত্তলন করে। কিন্তু কয়েক বছর হয়ে | | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গেলো অনেকে লেট্রিন পায়নী। এ বিষয়ে সমাধানের বিষয়ে জনস্বাস্থ্য প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। | | |
| ১৯. | উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা। | নব নির্বাচিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা- জনাব মুনসুর আলী খান সভার সকল সদস্যবৃন্দুকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি নির্বাচিত হওয়ায় অত্র উপজেলার সকল জনসাধারণকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানান। তিনি সকলের পাশে থেকে আগামী ৫ (পাঁচ) বছর সাধারণ জনগণের সুখ সুবিধা ও আপদ বিপদে সহযোগীতা করার জন্য ওয়াদা করেন। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সভায় জানান যে, উপজেলা পরিষদের নির্বাচিত চেয়ারম্যানদের শপথ গ্রহণের ৩০ দিনের মধ্যে প্যানেল চেয়ারম্যান তৈরীর বিধান আছে। প্যানেল চেয়ারম্যান তৈরীর বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সকলকে ধন্যবাদ জানিয়ে তার সংক্ষিপ্ত বক্তব্য সমাপ্ত করেন। | বিস্তারিত আলোচনান্তে সিদ্ধান্ত গৃহীত হয় যে, প্যানেল চেয়ারম্যান-১ নির্বাচিত হন উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, খাদিজা আক্তার এবং প্যানেল চেয়রম্যান-২ নির্বাচিত হন উপজেলা ভাইস চেয়ারম্যান (পুরুষ) জনাব গৌরপদ বাছাড়। | উপজেলা পরিষদ। |

আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘেষনা করা হয়।

( মুনসুর আলী খান)
চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা
ও
সভাপতি, উপজেলা পরিষদ উন্নয়ন সমন্বয় সভা
দাকোপ, খুলনা।

স্মারক নং- ৪৬.৪৪.৪৭১৭.০০৩.০৩.০০১.১৯- ১১৪ (৫০) তারিখঃ- ১৪ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৮ মে ২০১৯

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৯৯, খুলনা-১
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
০৪। প্রধান প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
০৫। জেলা প্রশাসক, খুলনা।
০৬। নির্বাহী প্রকৌশলী, এল জি ই ডি/ পানি উন্নয়ন বোর্ড/ সড়ক ও জনপথ বিভাগ/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা।
০৭। সিনিয়র সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, (রাজনৈতিক শাখা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। মেয়র, চালনা পৌরসভা, দাকোপ, খুলনা।
০৯। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
১০। ............................................ সংশ্লিষ্ট অন্যান্য সকল, দাকোপ, খুলনা।
১১। অফিস কপি।

২৮/০৫/১৯
( মোঃ আবদুল ওয়াদুদ )
উপজেলা নির্বাহী অফিসার
দাকোপ, খুলনা।